

🔳 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫:৫

💵 আরবি মূল আয়াত:

مَا تَسبِقُ مِن أُمَّةٍ اَجَلَهَا وَ مَا يَستَاخِرُونَ ﴿۵﴾

কোন জাতিই তাদের সুনির্ধারিত সময় থেকে আগে বাড়তে পারে না আর পিছাতেও পারে না। — আল-বায়ান কোন জাতিই তাদের নির্দিষ্ট কালকে অগ্র-পশ্চাৎ করতে পারে না। — তাইসিরুল

কোন জাতি তার নির্দিষ্ট কালকে ত্বরাম্বিত করতে পারেনা এবং বিলম্বিতও করতে পারেনা। — মুজিবুর রহমান

No nation will precede its term, nor will they remain thereafter. — Sahih International

৫. কোন জাতি তার নির্দিষ্ট কালকে ত্বরাম্বিত করতে পারে না, বিলম্বিতও করতে পারে না।

তাফসীরে জাকারিয়া

- (৫) কোন জাতি তার নির্দিষ্ট কালকে তরাম্বিত করতে পারে না এবং বিলম্বিতও করতে পারে না।[1]
 - [1] যখন কোন জনপদকে তাদের পাপের জন্য ধ্বংস করি, তখন হঠাৎ করি না; বরং তাদের জন্য একটা সময় নিদিষ্ট করে থাকি, সেই সময় পর্যন্ত তাদের অবকাশ দেওয়া হয়। কিন্তু সেই নির্দিষ্ট সময় এসে গেলেই তাদেরকে ধ্বংস করে দিই। সুতরাং সেই সময়কে তাদের জন্য আগা-পিছা করা হয় না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1807

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন